১

## জুন ২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা'র মে ও জুন মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ আশরাফুল আলম সরকার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

তারিখ ঃ ১৩ জুন ২০২৪ খ্রিঃ।

সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-ক)।

অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-খ)।

জনাব মোঃ আশরাফুল আলম সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হলে কোন প্রকার সংশোধনী /সংযোজনী না থাকায় সর্বসম্মতভাবে তা দৃঢ়ীকরণ করা হয়। এরপর আলোচনার মাধ্যমে ধারাবাহিকভাবে সভা পরিচালনা করা হয়।

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি এর আওতায় ১ম ও ২য় কিস্তিতে ২৭,৭৭,০০০/=x ২ =৫৫,৫৪,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। সম্ভাব্য ৩য় ও ৪র্থ কিস্তি ২৭,৭৭,০০০/=x২= ৫৫,৫৪,০০০/- টাকাসহ মোট= ১,১১,০৮,০০০/= টাকার ০.৫% হারে বাস্তবায়ন ব্যয় বাবদ ৫৫,৫৪০/= টাকা ব্যতিরেকে ১,১০,৫২,৪৬০/= টাকা এবং এডিপি এর আওতায় কাজ বাস্তবায়নের জন্য পিআইসি এ টেন্ডারের মাধ্যমে প্রকল্প তদারকি করার নিমিত্ত ১% হারে বাস্তবায়ন ব্যয় বাবদ ১,১০,৫২৫/- টাকা ব্যতিরেকে ১,০৯,৪১,৯৩৫/- টাকা এবং উপজেলা পরিষদ রাজস্ব উন্নয়ন তহবিল হস্তান্তরিত অর্থ হতে ২,২৫,১৭,৯৩৮/- টাকার ০.৫% হারে বাস্তবায়ন ব্যয় বাবদ ১,১২,৫৯০/- টাকা ব্যতিরেকে ২,২৪,০৫,৩৪৮/- ও এডিপি/ রাজস্ব এর আওতায় কাজ বাস্তবায়নের জন্য পিআইসি ও টেন্ডারের মাধ্যমে প্রকল্প তদারকি করার নিমিত্তে ১% হারে বাস্তবায়ন ব্যয় বাবদ ২,২৪,০৫৪/- ভ্যতিরেকে ২,২১,৮১,২৯৪/- সহ সর্বমোট- ৩,৩১,২৩,২২৯/= টাকা উন্নয়ন প্রকল্পের জন্য ব্যয় করা যাবে। তম্মধ্যে উন্নয়ন প্রকল্পের জন্য ধার্যকৃত ৩০% টাকার প্রকল্প, প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যাবে এবং সেই মোতাবেক বরাদ্দ আদেশ প্রাপ্তির পর পরিষদ কর্তৃক বাস্তবতা নিরীক্ষে খাতওয়ারী প্রকল্প অতিসত্বর দাখিলের জন্য অনুরোধ করা হয়েছিল। তৎপ্রেক্ষিতে ইতোমধ্যে সকল ইউনিয়ন কর্তৃক স্থানীয় চাহিদা ও চাহিদার ভিত্তিতে প্রকল্প ও প্রকল্প কমিটি দাখিল করা হয়েছে। বরাদ্দ আদেশ প্রাপ্তি হতে বাস্তবায়ন কালের সর্বশেষ সময়সীমা স্বল্পতা হেতু যাচাই-বাছাই কমিটির সকল সদস্যসহ উপজেলা পরিষদ সদস্যগণের উপস্থিতিতে মোট ৩,৩১,২৩,২২৯/= টাকার মধ্যে স্থানীয় চাহিদা ও বাস্তব অবস্থার প্রেক্ষিতে বাস্তবায়রনযোগ্য প্রকল্প যাচাই-বাছাই অন্তে গ্রহণ এবং প্রকল্প কমিটি কর্তৃক বাস্তবায়নযোগ্য প্রকল্পের জন্য প্রকল্প কমিটি অনুমোদন এবং অন্যান্য অনুমোদিত প্রকল্প সমূহের বাস্তবায়ন পদ্ধতি নির্ণয়ের প্রস্তাব করেন। পরিশিষ্ট গ এর ৬৬,৬৭,৬৮,৬৯,৭৫,৯৪,৯৫,৯৬,৯৭,৯৮,৯৯,১০৩ ও ১০৪ নম্বর ক্রমিকের পার্শ্বে উল্লেখিত প্রকল্প সমূক অনুমোদিত হয়। | ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপির আওতায় ১ম ও ২য় কিস্তির প্রাক্কলন মোতাবেক কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে। উন্নয়ন প্রকল্পের জন্য ধার্য্যকৃত ৩০% টাকার প্রকল্প গ্রহণ করতে হবে। পরিশিষ্ট গ এ বর্ণিত প্রকল্প সমূহ কারো কোন আপত্তি না থাকায় প্রকল্প সমূহ অনুমোদন করা হলো। চলমান প্রকল্পের কাজ সমূহ নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল দপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান, মার্চ /২৪ মাসে ১৬,২৮৫ টি পশুকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। এ যাবৎ এ উপজেলায় ৫২৩টি গরু ল্যাম্পি স্কিন ডিজিজে আক্রান্ত হয়েছে এবং ৫২৩টি গরু সুস্থ্য হয়েছে। ল্যাম্পি স্কিন ডিজিজ এখন নিয়ন্ত্রণে এসেছে। বিনামূল্যে পিপিআর এবং খুরা রোগের ভেকসিন দেয়া হচ্ছে। কিছু কিছু এনজিও এ উপজেলায় ল্যাম্পি স্কিন ডিজিজ নিয়ে কাজ করার কথা বলে ঘোরাঘুরি করছে। এ বিষয়ে প্রাণিসম্পদ কর্মকর্তা কিছু জানেন কি না জানতে চাওয়ার প্রেক্ষিতে প্রাণিসম্পদ কর্মকর্তা জানান ল্যাম্পি স্কিন ডিসিস বিষয়ে কোন এনজিও'র কাজ করার কোন সুযোগ নেই। এটি একটি নতুন ডিসিস এ নিয়ে দেশের প্রাণি বিজ্ঞানীরা এখনও গবেষণা করছেন। সঠিক চিকিৎসা এখনও আবিস্কার হয় নি। সরকারি নির্দেশনা অনুযায়ী প্রাণিসম্পদ বিভাগ খামারী/ কৃষকদের প্রয়োজনীয় চিকিৎসা এবং পরামর্শ প্রদান করে চলছে। কোন এনজিও'র ফাঁদে না পড়ার উপর গুরুত্বারোপ করেন। | লাম্পি স্কিন ডিসিস প্রতিরোধে প্রাণিসম্পদ বিভাগকে কৃষক/ খামারীদের পাশে থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান অব্যহত রাখতে হবে।<br><br>খামারি/কৃষকদের সচেতন করে দ্রুত সঠিক চিকিৎসা গ্রহণে উদ্বুদ্ধ করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ৩. | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা, সুন্দরগঞ্জ জানান, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কারেন্ট জাল দিয়ে যাতে ঝাটকা ইলিশ মাছ আহরন করতে না পারে সেজন্য অভিযান চলমান রয়েছে। | সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। ঝাটকা ইলিশ মাছ যাতে আহরন করতে না পারে সে বিষয়ে অভিযান চলমান রাখতে হবে। | উপজেলা মৎস্য অফিসার |
| ৪. | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভাকে বলেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প এর আওতায় উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণ কাজের জন্য ভূমি ব্যবহারের বাস্তবতার আলোকে ইতিবাচক দৃষ্টিতে ভূমি ব্যভহারের অনুমতি প্রদান করা হয়। বিষয়টি বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে উপজেলা পরিষদ চত্তরে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস (নির্মাণ কাজ চলমান) এর উত্তর পাশে ও বিআরডিবি অফিস এবং কৃষক প্রশিক্ষণকেন্দ্র এর দক্ষিণ পাশের খালি জায়গা ব্যবহারের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ, কৃষি বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ৫. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না | আগামী সভায় উপস্তিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (অতিঃ দাঃ), সভায় জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। স্কুল কলেজের কার্যক্রম যথাযতভাবে মনিটরিং করা হচ্ছে যাতে শিক্ষা কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হয়। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | উপজেলা আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চললে। এ অফিসের আওতায় বিভিন্ন ধরনের ট্রেনিং কার্যক্রম চলমান রয়েছে। যা সঠিকভাবে পরিচালিত হচ্ছে। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি |
| ৯. | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, যুব প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য পৌরসভার মধ্যে ৫০ শতাংশ জমি অধিগ্রহণের জন্য প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। প্রশিক্ষণ কেন্দ্র নির্মিত হলে উপজেলার বেকার যুবকদের স্বাবলম্বী করে গড়ে তুলতে সারা বছরব্যাপী প্রশিক্ষণ প্রদান অনেকটা সহজ হবে। | দ্রুত যুব প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে সর্বক্ষণিকভাবে অধিদপ্তরে যোগাযোগ করে অগ্রগতি সভাকে অবহিত করতে হবে। প্রতিমাসে কতজন প্রশিক্ষনার্থী প্রশিক্ষণ গ্রহণ করেন তা জানাতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভাকে জানান তার অফিসের কার্যক্রম যথাযতভাবে পরিচালিত হচ্ছে। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১১ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান, উপজেলা শিক্ষা কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের কার্যক্রম মনিটরিং করা হচ্ছে৷ কোথাও কোন সমস্যা হলে তা তাৎক্ষনিক সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়৷ | উপজেলা শিক্ষা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ কর্তৃক বিদ্যালয়ের সকল কার্যক্রম মনিটরিং করতে হবে৷ | উপজেলা শিক্ষা অফিসার |
| ১২ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার' সভাকে জানান উপজেলায় বিভিন্ন ব্যক্তির নিকট বিভিন্ন মোবাইল নম্বর ক্লোন করে অনেক ব্যক্তির নিকট থেকে বিভিন্ন প্রকার ভাতা বা অনুদান দেয়ার কথা বলে টাকা দাবী করছেন। যা আতঙ্কের বিষয়৷ তাই তিনি এ বিষয়ে সকলকে সতর্ক থাকার জন্য সভায় অনুরোধ জানান৷ এছাড়া ২০২৩-২০২৪ অর্থ বছরে বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধি ভাতা বরাদ্দ সাপেক্ষে ভাতা প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে মর্মেও তিনি সভাকে জানান৷ তিনি সভায় আরো জানান, ২০২৩-২৪ অর্থ বছরে পেরোল প্রেরণ করা হয়েছে৷ ৫৩৫৪৭জন ভাতাভোগী । লাইফ ভেরিফিকেশন ৪৯৪৩ জন৷ পেরোল যায়নি৷ নতুন ২০,০০০ ভাতাভোগী আছে৷ এ মাসে বরাদ্দ দেয়া হবে৷ | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মোবাইল নম্বর ক্লোন করে যাতে কোন ব্যক্তিকে প্রতারনায় ফেলতে না পারে সে বিষয়ে সকল চেয়ারম্যান সতর্ক থাকবেন।২০২৩-২০২৪ অর্থ বছরে বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধি ভাতা বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট চেয়ারম্যা ও উপজেলা সমাজ সেবা অফিসার ভাতা প্রদানের কার্যক্রম গ্রহণ করবেন৷ সকল চেয়ারম্যান এ বছরের নতুন ভাতাভোগীর তালিকা প্রেরণ করবেন৷ | উপজেলা সমাজসেবা অফিসার , ইউপি চেয়ারম্যানগণ ও সংশ্লিস্ট সকল |
| ১৩ | সামাজিক বন বিভাগ | ফরেস্টার, অনুপস্তিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্তিত থাকার অনুরোধ জানানো হয়। | ইউপি চেয়ারম্যান, ফরেস্টার সামাজিক বন বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ১৪ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন অবাধ ও সুষ্ঠভাবে অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং সকলের সহযোগিতা কামনা করেন। | ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন অবাধ ও সুষ্ঠভাবে অনুষ্ঠিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। | উপজেলা নির্বাচন অফিস ও সংশ্লিষ্ট সকল |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরের টিআর ও কাবিখা'র বরাদ্দ পাওয়া গেছে। যা ইতোমধ্যে বিভাজন করা হয়েছে। চেয়ারম্যানদের ইউপি সভার রেজুলেশনসহ প্রকল্প দাখিল করার উপর গুরুত্বারোপ করেন। | সরকারি বিধি অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের স্বার্থে যথাযথ নিয়ম অনুরসণ করে প্রকল্প প্রস্তাবনা দাখিল করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ইউপি চেয়ারম্যান |
| ১৬ | পল্লী বিদ্যুৎ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সুন্দরগঞ্জ জানান, সুন্দরগঞ্জ উপজেলায় নির্মিত "ক" শ্রেণীর ঘরে বিদ্যুৎ সংযোগ | "ক" শ্রেণীর ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদান সংক্রান্ত হাল নাগাদ তথ্যাদি নিয়মিতভাবে | ডিজিএম পল্লী বিদ্যুৎ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রদান অব্যাহত আছে। এ পর্যন্ত ১৬৯২ জনের ঘরে বিদ্যুৎ সংযোগ দেয়া হয়েছে৷ ৮৮টি ঘর বাকী আছে । এই ৮৮টি ঘরে কুড়িগ্রাম পল্লী বিদ্যুৎ সংযোগ দিবেন। কোন কোন ঘরে বিদ্যুৎ না যাওয়ায় তিনির দুঃখ প্রকাশ করেন৷ তিনি আরো জানান, যাদের ছবি, আইডি কার্ড নাই তাদের বিদুৎ সংযোগ দেয়া যাচ্ছে না। সকল আশ্রয়নে পোল গিয়েছে৷ মালামাল গেলেই বিদ্যুৎ সংযোগ দেয়া হয়েছে৷ তাগিদ দেয়া হচ্ছে৷ তিনি নিরাপদ বিদ্যুৎ ব্যবহারের জন্য সভায় অনরোধ জানান৷দুর্গাপূজা উপলক্ষে প্রতিটি মন্দিরে বিদ্যুৎ সংযোগ দেয়া হচ্ছে৷ সেচ মেশিনে দ্যিুৎ সংযোগ চলমান রয়েছে৷ তিনি নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধের জন্য অনুরোধ জনান। | উপজেলা নির্বাহী অফিসারকে সরবরাহ করতে হবে। নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধে গ্রাহকদেরকে সচেতন করতে হবে এবং নিরাপদ বিদ্যুৎ ব্যহার নিশ্চিত করতে হবে। | ও সংশ্লিষ্ট সকল |
| ১৭ | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভাবে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি যথাসময়ে মাতৃকালীন ভাতার জন্য বরাদ্দকৃত নামগুলো যথাসময়ে অফিসে জমা প্রদানের জন্য অনুরোধ করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | |
| ১৮ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভাকে জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পে এ বছর ৩৯০টি নলকুপ বরাদ্দ পাওয়া গিয়েছে৷ প্রতিটি ইউনিয়নে ২৬টি করে নলকুপ সরবরাহ করা যাবে৷তালিকা পাওয়া গেলে নলকুপ বিতরণ করা যাবে৷ | জরুরী ভিত্তিতে তালিকা সংগ্রহ করে নলকুপ বিতরণ এবং স্থাপন করা হবে৷ | উপসহকারী প্রকৌশল (জনস্বাস্থ্য) ও সংশ্লিষ্ট সকল |
| ১৯ | সহকারী প্রোগ্রামার (আইসিটি) | সহকারী প্রোগ্রামার (আইসিটি) জানান, উপজেলার সকল অফিস/দপ্তর ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ (আপডেট) করার জন্য বার বার অনুরোধ করা হলেও এখন পর্যন্ত অনেকে আপডেট করছেন না। ইউনিয়ন পরিষদ সচিব ও উদ্যোক্তাদের গতিশীল করতে হবে। প্রতিটি অফিস এবং ইউনিয়ন পরিষদকে সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে টাংগানোর পর প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয় । | উপজেলার সকল অফিস ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ (আপডেট) নিশ্চিত করতে হবে। প্রতিটি অফিস এবং ইউনিয়ন পরিষদকে সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে টাংগানো নিশ্চিত করে জরুরীভাবে প্রতিবেদন দাখিল করতে হবে। যে তিনটি ইউনিয়ন এখনও টিসিবি এর তালিকা দিতে পারে নাই, তাদেরকে কারণ দর্শানো হোক। | সহকারী প্রোগ্রার আইসিটি, ইউপি চেয়ারম্যান, সকল অফিস প্রধানগণ ও সংশ্লিষ্ট সকল |
| ২০ | সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, ২০২৩-২৪ অর্থ বছরে ৪টি আশ্রয়ন প্রকল্পে প্রশিক্ষণ দেয়া হবে৷ ১টি দেয়া হয়েছে । আগামী জুনের মধ্যে ৪টি প্রশিক্ষণ সমাপ্ত করা হবে৷ | আগামী জুনের মধ্যে প্রশিক্ষণ সমূহ সমাপ্ত করতে হবে৷ | উপজেলা সমবায় অফিসার |
| ২১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বোরো মৌসুমের ধান সংগ্রহ করার জন্য লটারী অনুষ্ঠিত হয়েছে। প্রকৃত কৃষকদের কাছ থেকে ধান সংগ্রহ করা হবে। ধান সংগ্রহ যাতে সুষ্ঠভাবে পরিচালিত হয় সেজন্য সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল |
| ২২ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভাকে জানান, উঠান বৈঠক নিয়মিত করা হচ্ছে৷ বর্তমানে উঠান বৈঠকের বরাদ্দ পাওয়া গিয়েছে। সকলের সহযোগিতায় স্থান নির্বাচন করে সরকারী কার্যক্রম গ্রামীণ পর্যায়ের নারীদের প্রশিক্ষণ দেয়া হবে৷ কোথাও কোন উদ্যোক্তা তাদের উৎপন্ন দ্রব্য বিক্রয়ে সমস্যা মনে করলে আমাদের কাছে আসলে আমরা তা বিক্রয় করার ব্যবস্থা গ্রহণ করবো৷ | উঠান বৈঠক নিয়মিত পরিচালনা করতে হবে৷ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | (বিএডিসি ক্ষুদ্র সেচ) | উপজেলা (বিএডিসি ক্ষুদ্র সেচ) সভায় জানান, ক্ষুদ্র সেচের লাইসেন্স প্রদানের বিষয়ে সরেজমিন তদন্ত পূর্বক লাইসেন্স প্রদ্যান করা হচ্ছে। | ক্ষুদ্র সেচের লাইসেন্স প্রদানের বিষয়ে সরেজমিন তদন্ত পূর্বক লাইসেন্স প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রকৌশলী (বিএডিসি ক্ষুদ্র সেচ) |
| ২৪ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২২ (৬ষ্ঠ পর্যায়) অর্থবছরে সুন্দরগঞ্জ উপজেলা কর্তৃক বাস্তবায়িত ২টি অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্প, আইডি নং : INF৬-২০২০-২১-৫৫৩২৯১-০১ ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল : ২৮,৩৬,৬৯০/-(ভ্যাট ও ও আইটি ব্যতীত) ও INF৬-২০২০-২১-৫৫৩২৯১-০২ ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল : ১৩,৮৫,৮২৫/-(ভ্যাট ও আইটি ব্যতীত) ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল ভাউচার ও প্রয়োজনীয় কাগজপত্রাদি পিএমইউ বরাবর দ্রুত পাঠানোর জন্য সভায় আলোচনা করা হয়। | বাস্তবায়িত অবকাঠামোগত উন্নয়ন উপ প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে মর্মে ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প, অগ্রণী ব্যাংক, সুন্দরগঞ্জ, গাইবান্ধা, একাউন্টে পিএমইউ কর্তৃক অর্থছাড় হলে ৫% জামানত কেটে ঠিকাদারের বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ |
| ২৫ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্তিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা |
| ২৬ | স্টেশন মাস্টার (ফায়ার সার্ভিস) | স্টেশন মাস্টার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্তিত থাকার অনুরোধ জানানো হয়। | স্টেশন মাস্টার, ফায়ার সার্ভিস |
| ২৭ | অফিসার ইন চার্জ সুন্দরগঞ্জ থানা | অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সুন্দরগঞ্জ উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | অফিসার ইন চার্জ সুন্দরগঞ্জ থানা |
| ২৮ | অন্যান্য বিভাগীয় কর্মকর্তা | উপস্থিত অন্যান্য বিভাগীয় কর্মকর্তাগণ জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অনুপস্থিত কর্মকর্তাদের দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব না হওয়ায় তাদেরকে উপজেলা পরিষদের আগামী মাসিক সভাসহ প্রতিটি সভায় নিয়মিতভাবে উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রমের তথ্যাদি সভাকে অবহিত করার উপর গুরুত্বারোপ করা হয়। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | বিভাগীয়/দপ্তর / অফিস প্রধানগণ |
| ২৯ | ইউপি চেয়ারম্যান | <u>চেয়ারম্যান দহবন্দ ইউপি</u> ঃ<br>দহবন্দ ইউনিয়ন পরিষদ কম্পপ্রেক্স ভবন নতুন হওয়ায় পুরাতন ভবনের জায়গাটি পরিত্যাক্ত থাকায় কিছু জায়গা ইউনিয়ন পরিষদের নিজস্ব মার্কেট নির্মানের লক্ষে লিজ/বন্দক/বিক্রি প্রয়োজন।<br>এবিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | প্রস্তাবটি জেলা প্রশাসক, গাইবান্ধা বরাবর প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সহকারী কমিশনার (ভূমি), উপজেলা, প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধোপাডাঙ্গা ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ৩০ | মেয়র সুন্দরগঞ্জ পৌরসভা | উপজেলা নির্বাচন অফিসার অনুপস্তিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্তিত থাকার অনুরোধ জানানো হয়। | মেয়র সুন্দরগঞ্জ পৌরসভা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | সংশ্লিস্ট সকল |
| ৩১ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান-<br>ক) সর্বজনীন পেনশন স্কীম সরকারের একটি বিশেষ কর্মসূচি। এ কর্মসূচি বাস্তবায়নে পেনশন সুবিধা নিতে উদ্বুদ্ধ করতে সকলকে একযোগে কাজ করতে হবে।<br>খ) উপজেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটিসমূহের নিয়মিতভাবে সভা অনুষ্ঠান করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিল করার উপর গুরুত্বারোপ করেন।<br>গ) ইউনিয়ন পরিষদসহ সকল বিভাগের ওয়েব পোর্টাল জরুরীভাবে হালনাগাদ করতে হবে।<br>ঙ) গ্রাম পুলিশদের বেতন ও কাপাসিয়া ইউনিয়ন পরিষদের একজন সচিব অবসর গ্রহণ করায় লামগ্রান্ড এর অর্থ হাট বাজারের ১% এর টাকা হতে সংকুলান না হওয়ায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংরক্ষিত হাট বাজারের ৪১% অর্থ হতে প্রদান করা হয়। | ক) সর্বজনীন পেনশন স্কীম বাস্তবায়নে পেনশন সুবিধা নিতে সংশ্লিষ্টদের উদ্বুদ্ধ করতে হবে।<br>খ) উপজেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটিসমূহের নিয়মিতভাবে সভা অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।<br>গ) ইউনিয়ন পরিষদসহ সকল বিভাগের ওয়েব পোর্টাল আগামী ৩ দিনের মধ্যে হালনাগাদ করতে হবে।<br>ঙ) গ্রাম পুলিশদের বেতন ভাতাদি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংরক্ষিত হাট বাজারের ৪১% অর্থ হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, পৌর মেয়র, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিস্ট সকল |
| ৩২ | জনাব মোঃ আশরাফুল আলম সরকার চেয়ারম্যান উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সৌহার্দ্যপূর্ন পরিবেশে সভা অনুষ্ঠানের জন্য সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন সুষ্ঠভাবে পরিচালিত হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং নব নির্বাচিত উপজেলা পরিষদের সদস্যদের জন্য শুভ কামনা জ্ঞানান। | জনগণ যাতে সকল অফিসে সুষ্ঠভাবে সরকারি সেবা পায় সেজন্য সকলে সজাগ থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। | সকল দপ্তর। |

০১/০৪/২০২৪ হতে ১৩/০৬/২০২৪ পর্যন্ত সময়ে উপজেলা পরিষদের ব্যয়সমূহ ঃ

| | | | |
|---|---|---|---|
| ১ | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের মার্চ - ২৪ মাসের সম্মানী ভাতা | ঃ | ২,৯৭,০০০/- |
| ২ | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের মাচ - ২৪ মাসের ভ্রমণ ভাতা বাবদ | ঃ | ৭১,৫০০/- |
| ৩ | মাচ - ২৪ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুসাঙ্গিক ব্যয় | ঃ | ১,০৫,০০০/- |
| ৪ | মাচ - ২৪ মাসের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাতের ব্যয় | ঃ | ৫৩,০০০/- |
| ৫ | মাচ - ২৪ মাসের উপজেলা পরিষদে দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োজিত ২ জন শ্রমিকের মজুরী বাবদ ব্যয় | ঃ | ৬২,০০০/- |
| ৬ | মাচ - ২৪ মাসের উপজেলা পরিষদ জীপ গাড়ী নং- গাইবান্ধা ঘ-১১- ০০২২ এর জ্বালানী বাবদ ব্যয় | ঃ | ৫০,১৬৯/- |
| ৭ | ২৬শে মার্চ উদযাপন উপলক্ষে ব্যয় | ঃ | ৫০,০০০/- |
| ৮ | মশক নিধন বাবদ ব্যয় | ঃ | ১,৫০,০০০/- |
| ৯ | পানির পাম্প সংস্কার বাবদ ব্যয় | ঃ | ২০,০০০/- |
| ১০ | বিদ্যুৎ এর লাইন সংস্কার বাবদ ব্যয় | ঃ | ২৪,০০০/- |
| ১১ | উপজেলা পরিষদের জীপ গাড়ি ঘ-১১-০০২২ এর মেরামত বাবদ ব্যয় | ঃ | ৬০,০০০/- |
| ১২ | বর্জ্য পরিস্কার বাবদ ব্যয় | ঃ | ৫০,০০০/- |
| ১৩ | উপজেলা পরিষদের ০৪ জন কর্মচারীর সিপিএফ বাবদ | ঃ | ৩০,৯৫৪/- |
| ১৪ | গ্রাম পুলিশদের বেতন ভাতাদি বাবদ | ঃ | ১৪,৪৬,৫৫০/ |
| ১৫ | কম্পিউটার সামগ্রী ক্রয় | ঃ | ২৩,৯০০/- |
| ১৬ | বিজ্ঞাপন বিল | ঃ | ১,১৯,৭৯২/- |

- বিস্তারিত আলোচনার পর বর্ণিত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বিধিমোতাবেক বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভা পরিচালনায় সহযোগিতা প্রদানে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/৬/২০২৪

(মোঃ আশরাফুল আলম সরকার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুন্দরগঞ্জ, গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
sundarganj.gaibandha.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৩২৯১.০১১.০১.০০২.২০১৫- তারিখ ঃ ৩০ জৈষ্ঠ্য ১৪৩১ / ১৩ জুন ২০২৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯, গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ)।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার , গাইবান্ধা ।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৭। মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা, গাইবান্ধা।
০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
১০। উপজেলা . . . . . . . . . . . . . . অফিসার (সকল) সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
১১। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা, গাইবান্ধা।
১২। চেয়ারম্যান, . . . . . . . . . . ইউপি (সকল), সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
১৩। অফিস কপি।

১৩/০৬/২৪

(মোঃ তরিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোন ঃ ০২৫৮৯৯৮৩৮০২
unosundarganj@mopa.gov.bd